

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ১৪৬

তারিখ : ১৬/০৫/২০২৩খ্রি।

বিষয় : উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখ : ১৬/০৫/২০২৩খ্রি. মঙ্গলবার, সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লক্ষীছড়ি।


সভাপতি : সুমনা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

সভায় উপস্থিত সদস্যদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমঃ	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান সারা বিশ্বে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান চলমান রয়েছে। তিনি জানান বিদ্যুৎ চলে গেলে জরুরী বিভাগে রোগীদের সেবা প্রদানে ব্যাঘাত সৃষ্টি হয়। সুতরাং অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের জরুরী সেবা প্রদানের লক্ষে জরুরী বিভাগে একটি সোলার অবশ্যই প্রয়োজন। চলতি মাসে ম্যালেরিয়ার প্রকোপ দেখা দিয়েছে। সকলকে সচেতনতা অবলম্বন করতে হবে। সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, এ উপজেলায় বর্মাছড়ি ইউনিয়ন হচ্ছে অত্যন্ত দুর্গম। বর্মাছড়ি ইউনিয়নে স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম তদারকি করা দরকার। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের সেবা প্রদানের লক্ষে টিআর/কাবিখা বরাদ্দ হতে জরুরী বিভাগে একটি সোলার প্যানেল বরাদ্দ প্রদানের বিষয়ে আগামী সভায় আলোচনা করার জন্য সভাপতিকে অনুরোধ করা হয়।	সভাপতি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক স্থায়ী কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(সুমনা চাকমা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক স্থায়ী কমিটি
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
তারিখ : ১৬/০৫/২০২৩খ্রি।

স্মারক নং- ১৬৪

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।


(ডাঃ আতাউর রহমান)
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।